

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মক্কা বিজয়ের যুদ্ধ (غَزُوَةُ فَتْحِ مَكَّةً) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মাররুয যাহরান নামক স্থানে ইসলামী সৈন্যদের শিবির স্থাপন (الْجَيْشُ الْإِسْلَامِيْ يَنْزِلُ بِمَرِّ الظَّهْرَانِ):

রাসুলুল্লাহ (ﷺ) নিজ সফর অব্যাহত রাখলেন। এ সফর কালে রাসূলুল্লাহ (ﷺ) এবং সাহাবীগণ (রাঃ) রোযাবস্থায় ছিলেন। কিন্তু উসফান এবং কুদাইদের মধ্যবর্তী স্থানে কাদীদ নামক ঝর্ণার নিকট পৌঁছে রোযা ভঙ্গ করলেন।[1] সাহাবীগণও রোযা ভঙ্গ করলেন। এরপর আবার সফর অব্যাহত রাখলেন, এভাবে রাত্রির পূর্বভাগ সফর করে মাররুয যাহরান ফাত্বিমাহ উপত্যকায়- পৌঁছে অবতরণ করলেন। সেখানে তাঁর নির্দেশক্রমে লোকেরা পৃথক পৃথক আগুন জ্বালাল। এভাবে দশ হাজার স্থানে আগুন জ্বালানো হয়। রাসূলুল্লাহ (ﷺ) উমার বিন খাত্তাব (রাঃ)-কে প্রহরী নিযুক্ত করেন।

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২য় খন্ড ৬১৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6383

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন